

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৯, ২০১৭

[একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

গেজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ পৌষ ১৪২৩ বং/১২ জানুয়ারি ২০১৭ খ্রি:

নং ৪৮.০০.০০০০.০০৮.৪৯.২৩৩.০৯-৯২—প্রকৃত মুক্তিযোদ্ধা তালিকাভুক্তকরণ, আবেদনকৃত মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই, তালিকাভুক্ত দাবীদার মুক্তিযোদ্ধাদের যাচাই-বাছাই এবং তালিকাভুক্ত মুক্তিযোদ্ধাদের বিবরণে আনন্দ অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত নিম্নরূপে উপজেলা ও জেলা/মহানগর যাচাই-বাছাই কমিটি গঠন করা হলো:

১। উপজেলা যাচাই-বাছাই কমিটি:

ক)	চলতি সংসদের মাননীয় সংসদ সদস্য অথবা তাঁর মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য নিজে মুক্তিযোদ্ধা হলে তিনি কমিটির সভাপতি হবেন। তবে তাঁর মনোনীত প্রতিনিধি হলে তিনি কমিটির সদস্য হবেন)।	-	-
খ)	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
গ)	বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সম্মানিত সদস্য কর্তৃক মনোনীত উক্ত উপজেলার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য

(৯৬৫)
মূল্য : টাকা ৪০০

ঘ)	বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
ঙ)	জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার অথবা তাঁর মনোনীত জেলাধীন একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
চ)	উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার/উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডের একজন প্রতিনিধি।	-	সদস্য
ছ)	সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।	-	সদস্য-সচিব

২। জেলা/মহানগর যাচাই-বাছাই কমিটি :

ক)	চলতি সংসদের মাননীয় সংসদ সদস্য অথবা তাঁর মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় সংসদ সদস্য নিজে মুক্তিযোদ্ধা হলে তিনি কমিটির সভাপতি হবেন। তবে তাঁর মনোনীত প্রতিনিধি হলে তিনি কমিটির সদস্য হবেন)।	-	-
খ)	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত জেলা/ মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
গ)	বিভাগীয় দায়িত্বপ্রাপ্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সম্মানিত সদস্য কর্তৃক মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
ঘ)	বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক মনোনীত একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি।	-	সদস্য
ঙ)	জেলা/মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডার/তাঁর মনোনীত উক্ত জেলা/মহানগর এলাকার একজন মুক্তিযোদ্ধা মনোনীত প্রতিনিধি।	-	সদস্য
চ)	সংশ্লিষ্ট জেলা/মহানগর ইউনিট কমান্ডের ডেপুটি মুক্তিযোদ্ধা কমান্ডার (জ্যেষ্ঠতম)।	-	সদস্য
ছ)	সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	-	সদস্য-সচিব

তবে শর্ত থাকে যে, যাচাই-বাছাই এর আওতাধীন কোন মুক্তিযোদ্ধা/প্রতিনিধি যাচাই-বাছাই কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবেন না। যাচাই-বাছাই কমিটির সভাপতি (মাননীয় সংসদ সদস্য ব্যতীত)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত হবেন।

৩। কমিটিসমূহের কার্যপরিধি:

- (ক) কমিটি ইতোপূর্বে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক প্রেরিত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য তথ্যাবলী ‘মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬’ অনুসরণ করে যাচাই-বাছাই সম্পন্ন করবে।
- (খ) কোন কারণে কোন কমিটির সভাপতি অনুপস্থিত থাকলে সমরোতার মাধ্যমে কমিটির সদস্যদের মধ্য থেকে একজন সদস্য কমিটির সভাপতির দায়িত্ব পালন করবেন।
- (গ) কমিটির সদস্য সংখ্যার অধিকাংশের উপস্থিতিতে কমিটির কোরাম সম্পন্ন হয়েছে বিবেচনা করে কমিটি কার্য সম্পাদন করতে পারবে।
- (ঘ) যাচাই-বাছাই কমিটিকে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক ঘোষিত তারিখ ও স্থানে (সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসের/জেলা প্রশাসকের কার্যালয়ে) যাচাই-বাছাই সম্পন্ন করতে হবে।
- (ঙ) কমিটিসমূহ ‘মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই নির্দেশিকা-২০১৬’ অনুযায়ী যাচাই-বাছাই সম্পন্ন করে সাথে সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলে প্রতিবেদন প্রেরণ করবে এবং সংশ্লিষ্ট উপজেলা নোটিশ বোর্ডে একটি কপি টাংগিয়ে দিবে।

৪। কোনরূপ কারণ দর্শনো ব্যাতিরেকে কর্তৃপক্ষ যে কোন কমিটির আংশিক বাতিল বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

৫। এতদ্বারা ইতোপূর্বে গঠিত যাচাই-বাছাই সংক্রান্ত সকল কমিটি বাতিল করা হলো।

৬। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুবুর রহমান ফারুকী
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd